# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**30 MARCH 2026** **7:45—7:55**

---

(১) নমো এ্যাপের মাধ্যমে ‘মেরা বুথ সবসে মজবুত’ কার্যসূচির আওতায় আসামের বিজেপি কর্মীদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভাষণ/

(২) রাজ্যে বিধানসভা নির্বাচনের জন্য প্রতিটি রাজনৈতিক দলের ব্যাপক প্রচার অভিযান/ বরাক উপত্যকায়ও নির্বাচনী প্রচার জোরদার/

(৩) রাজ্যের ১২৬টি বিধানসভা আসনের মধ্যে হাইলাকান্দি জেলার আলগাপুর-কাটলীছড়া এবং শ্রীভূমি জেলার দক্ষিণ করিমগঞ্জ আসনে সর্বাধিক ১৫ জন করে প্রার্থী/

এবং

(৪) রাজ্যজুড়ে প্রবীণ নাগরিক এবং দিব্যাঙ্গ লোকেদের ভোটগ্রহণ প্রক্রিয়া আরম্ভ/

---------------------------------------------------------------------------------

বিজেপির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আসন্ন বিধানসভা নির্বাচনের পূর্বে তৃণমূল পর্যায়ের কর্মীদের মনোবল বৃদ্ধি করার উদ্দেশ্যে আজ নমো এ্যাপের মাধ্যমে মেরা বুথ সবসে মজবুত কার্যসূচীর অধীনে আসামের দলীয় কর্মীদের উদ্দেশ্যে ভাষণ দেন । রাজ্যটির বিভিন্ন ক্ষেত্রে লাভ করা অগ্রগতি এন ডি এ’র দ্বৈত ইঞ্জিনযুক্ত সরকারের সাফল্যকে প্রতিফলিত করে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন আসাম বিগত ১০ বছরে সন্ত্রাসবাদ মুক্ত হয়েছে এবং রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে নতুন সুযোগ সৃষ্টি হয়েছে । প্রধানমন্ত্রী তাঁর ভাষণে কংগ্রেস দলের সমালোচনা করে বলেন যে কংগ্রেস তাদের শাসনকালে আসামের আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখতে ব্যর্থ হয়েছিল । বিজেপি সরকার আসামের অনুপ্রবেশ সমস্যা নিয়ন্ত্রণের উদ্দেশ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে এবং আগামী দিনে এধরণের প্রয়াস অব্যাহত থাকবে বলে তিনি মন্তব্য করেন

।প্রধানমন্ত্রী আর্থিক সহায়তা , সুলভ স্বাস্থ্য সেবা , গৃহ নির্মাণ , শিক্ষা ও জমির পাট্টা প্রদান সহ আসামের চা শ্রমিকদের জীবনের মান উন্নত করার জন্য এন ডি এ সরকারের গ্রহণ করা বিভিন্ন ব্যবস্থার কথা উল্লেখ করেন।

এদিকে নিখিল ভারত কংগ্রেস কমিটির সামাজিক মাধ্যম গোষ্ঠির অধ্যক্ষা সুপ্রিয়া শ্রীনেট আগামী দিনে কংগ্রেস দল তথ্য ও পরিসংখ্যার ভিত্তিতে রাজ্যসরকারের দূর্নীতি প্রকাশ করবে বলে জানান । আজ গুয়াহাটীতে এক সাংবাদিক সম্মেলনে তিনি বিজেপি সরকারের বিরুদ্ধে দূর্নীতির অভিযোগ করে বলেন যে কংগ্রেস দল আগামীতে পর্যায়ক্রমে সাংবাদিক সম্মেলন ডেকে বিষয়গুলি জনসাধারণের সামনে তুলে ধরবেন বলে হুঁশিয়ারী দেন ।

---------------------------------------------------------------------------------

বিধানসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে বিভিন্ন রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীদের প্রচার অভিযান ক্রমশঃ তীব্র হচ্ছে । শাসক-বিরোধী উভয় দল তারকা প্রচারকদের নিয়ে ভোটদাতাদের মন জয় করার জন্য প্রয়াস অব্যাহত রেখেছেন । বিজেপির জাতীয় সভাপতি নীতিন নবীন আজ জাগীরোড ও বোকাখাটে প্রচার চালান । বিজেপির প্রবীণ নেতা- মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ মাজুলীর গড়মুরের মিনি স্টেডিয়ামে বিজয় সংকল্প সভায় অংশ নেন ।

এদিকে আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি গৌরব গগৈ, আসাম জাতীয় পরিষদের সভাপতি লুরিনজ্যোতি গগৈ, রাইজর দলের অখিল গগৈ সহ কংগ্রেস নেতৃত্বাধীন মিত্রজোটের অন্যান্য প্রার্থীরাও ভোটদাতাদের আকর্ষিত করার প্রয়াস অব্যাহত রেখেছেন। কংগ্রেসের জাতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গে গতকাল পাঁচটি প্রতিশ্রুতি দিয়ে কংগ্রেসের নির্বাচনী ইস্তাহার প্রকাশ করেছেন ।

বরাক উপত্যকার তিন জেলায়ও নির্বাচনী প্রচার জোরদার হচ্ছে । কাছাড় জেলার সাতটি আসনে শাসক ও বিরোধী দলের প্রার্থী এবং নির্দল প্রার্থীরা নিজেদের সমর্থনে প্রচার অব্যাহত রেখেছেন । শিলচর আসনের বিজেপি প্রার্থী ডাঃ রাজদীপ রায় আজ সকালে শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে নিজের সমর্থনে প্রচার চালিয়েছেন । তিনি মেহেরপুর, কনকপুর, নিউ শিলচরে জনসভা করেন । এই আসনের কংগ্রেস প্রার্থী অভিজিৎ পাল আজ শহরের দ্বিতীয় লিঙ্করোডে পদযাত্রা করে ভোটারদের আকর্ষিত করার প্রয়াস করেছেন । এদিকে কাটিগড়া আসনের বিজেপি প্রার্থী কমলাক্ষ দে পুরকায়স্থ আজ সোনাপুর ও ধলছড়া গাঁও পঞ্চায়েত এলাকায় জনসভা করেছেন । উধারবন্দের বিজেপি প্রার্থী রাজদীপ গোয়ালা মাছুঘাট গাঁও পঞ্চায়েত ও শিলচর শহর

সংলগ্ন স্টিমারঘাট এলাকায় প্রচার সভা করেন । এই আসনের কংগ্রেস প্রার্থী অজিত সিং ডৌকা টিলা এবং আরকাটিপুরে নির্বাচনী প্রচার চালিয়েছেন । রাজ্যের মন্ত্রী কৌশিক রাই আজ ধলাই আসনের দলীয় প্রার্থী অমিয় কুমার দাসের হয়ে জীবনগ্রাম ও দক্ষিণ নরসিংপুর গাঁও পঞ্চায়েত এলাকায় নির্বাচনী প্রচার করেন ।

শ্রীভূমি জেলায় আজ গোটা দিন বিজেপি, কংগ্রেস এবং এ আই ইউ ডি এফ দলের একাধিক সভা, বাইক র‍্যালি ও জনসংযোগ কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে । বিজেপি প্রার্থী বিজয় মালাকার আজ রামকৃষ্ণ নগর বিধানসভা আসনের অর্ন্তগত রাকেশ নগর বাজারে নির্বাচনী জনসভা করেছেন । এই দলের প্রার্থী কৃষ্ণেন্দু পাল আজ তার বিধানসভা কেন্দ্র পাথারকান্দির বালিপিপলা দুর্গা বাজার এলাকায় নির্বাচনী প্রচার করেছেন । প্রচার সভায় বক্তব্য রাখতে গিয়ে রাজ্যের বর্তমান মন্ত্রী ও বিজেপি প্রার্থী শ্রী পাল আত্মনির্ভর পাথারকান্দি গড়ে তোলার জন্য ভোটারদের প্রতি আহ্বান জানান। এদিকে উত্তর করিমগঞ্জ আসনের এ আই ইউ ডি এফ প্রার্থী চৌধুরী উসামা মবরুরের সমর্থনে আজ এক বাইক র‍্যালির আয়োজন করা হয় । শ্রীভূমি জেলা এ আই ইউ ডি এফ কার্যালয় থেকে এই র‍্যালি বিভিন্ন এলাকা পরিক্রমা করে ভাঙ্গা বাজারে শেষ হয়েছে । শ্রীভূমি এলাকার মহাবীর কালিবাড়ী রোড এলাকায় কংগ্রেস প্রার্থী জাকারিয়া আহমেদের সমর্থনে নির্বাচনী সভা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা আসনেও নির্বাচনী প্রচার অব্যাহত রয়েছে । বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা জনসংযোগ বাড়াতে জোরদার প্রচার চালাচ্ছেন । বিজেপি নেতা তথা সাংসদ কৃপানাথ মালাহ্ আজ লালা, আব্দুল্লাপুর এবং ঘারমুড়া এলাকায় প্রচার চালান । তিনি হাইলাকান্দি আসনের বিজেপি প্রার্থী ডঃ মিলন দাস এবং আলগাপুর-কাটলীছড়া আসনের তার মিত্রজোট অসম গণপরিষদের প্রার্থী জাকির হোসেন লস্করের হয়ে একাধিক নির্বাচনী কর্মসূচিতে অংশ নিয়েছেন । প্রচারের ফাঁকে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে সাংসদ শ্রী মালাহ্ জানিয়েছেন যে- এন ডি এ জোটের তারকা প্রচারক, রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আগামী তেসরা এপ্রিল হাইলাকান্দি আসছেন । তিনি ওইদিন লালার মাঠে নির্বাচনী জনসভা করবেন বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

আগামী নয় এপ্রিল অনুষ্ঠেয় রাজ্য বিধানসভা নির্বাচন শান্তিপূর্ণভাবে ও সুচারুরূপে সম্পন্ন করার জন্য নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে । প্রথমবারের জন্য রাজ্যে

এক পর্যায়ে অনুষ্ঠেয়  নির্বাচনের জন্য নির্বাচন কমিশন কয়েক স্তরীয় নিরাপত্তা ব্যবস্থা গড়ে তুলেছে । সুরক্ষাজনিত বিষয়ের প্রতি লক্ষ্য রেখে বহিঃরাজ্য থেকে কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর বেশকিছু ব্যাটেলিয়নের বহু জওয়ান নিয়োগ করা হয়েছে । এছাড়া হোমগার্ড এবং বিভিন্ন পদের আধিকারিকরা সহ ৭৪ হাজারেরও বেশি আসাম পুলিশের আধিকারিক- জওয়ানকে নিয়োগ করা হয়েছে । এদিকে আন্তঃরাজ্য এবং আন্তঃজেলা সীমান্তে সিসিটিভি নিরীক্ষণের ব্যবস্থা করার পাশাপাশি তল্লাশি অভিযান তীব্রতর করে তোলা হয়েছে । রাজ্যের ১৩৪টি আন্তঃরাজ্য এবং আন্তঃজেলা সীমান্তে ২৪ ঘন্টার ফ্লায়িং স্কোয়াডে সূক্ষ্মভাবে তল্লাশি অভিযান চালানো হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের ১২৬ টি বিধানসভা আসনের মধ্যে আলাগাপুর - কাটলিছড়া এবং দক্ষিণ করিমগঞ্জ আসনে সর্বাধিক ১৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় অবতীণ হয়েছেনে৪৪এ৫ । এর বিপরীতে রঙ্গিয়া , জাগিরোড , হোজাই , ন-দুয়ার , জোনাই , ডুমডুমা , মাহমরা , টীয়ক , এবং লক্ষীমপুর এই ৯ টি আসনে সর্বনিম্ন দুজন করে প্রার্থী প্রতিদ্বন্দিতায় অবতীর্ণ হয়েছেন ।আগামী ৯ এপ্রিল অনুষ্ঠেয় আসাম বিধানসভা নির্বাচনে মোট ৭২২ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । এদের মধ্যে ৫৯ জন মহিলা এবং ৬৬৩ জন পুরুষ প্রার্থী রয়েছেন ।  এবারের নির্বাচনে বিজেপির ৯০ জন প্রার্থী , কংগ্রেসের ৯৯ জন , আম আদমী পার্টীর ১৮ জন , সি পি আইর ২ জন , অসম গণ পরিষদের ২৬ জন , এ আই ইউ ডি এফের ৩০ জন , ইউ পি পি এলের ১৮ জন , অল ইন্ডিয়া ফরোয়ার্ড ব্লকের ২ জন , রাইজর দলের ১৩ জন প্রার্থী এবং ২৫৮ জন নির্দল প্রার্থী প্রতিদ্বন্দিতায় অবতীর্ণ হয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যে প্রবিণ নাগরিকদের ভোটগ্রহণ প্রক্রিয়া আরম্ভ হয়েছে । এই প্রক্রিয়ার অংশ হিসেবে নির্বাচন আধিকারীক কর্মচারীরা প্রবীণ নাগরিকদের ঘরে ঘরে গিয়ে ভোটগ্রহণ করছেন । বিশেষভাবে সক্ষম ভোটদাতাদের ঘরে গিয়েও ভোটগ্রহণের ব্যবস্থা করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচন আধিকারীক আয়ুষ গর্গ এক বিজ্ঞপ্তীতে নির্বাচনের কাজে যুক্ত সরকারী কর্মচারীদের নিজেদের দায়িত্ব ও কর্তব্য  নিষ্ঠার সঙ্গে পালন করার আহ্বান জানিয়েছেন  । জেলা নির্বাচনী আধিকারীক শ্রী গর্গ পুরো নির্বাচনী প্রক্রিয়া জুড়ে সর্তক , শৃংখলাবদ্ধ এবং সম্পুর্নভাবে প্রতিশ্রুতিবদ্ধ থাকার নির্দেশ দিয়েছেন । তিনি আরো বলেন যে নির্বাচনে যে কোন ধরনের দায়িত্বে গাফিলতি

গুরুতর বলে বিবেচিত হবে এবং জন প্রতিনিধিত্ব আইন ১৯৫১ অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসনের ভোট গ্রহনের জন্য ভোট কর্মীদের ই ভি এম ও অন্যান্য ভোট সামগ্রী আগামী ৮ই এপ্রিল করিমগঞ্জ কলেজের খেলার মাঠে প্রদান করা হবে এবং ৯ই এপ্রিল ভোট গ্রহন প্রক্রিয়া শেষ হওয়ার পর একই স্থানে ই ভি এম ও প্রয়োজনীয় নথিপত্র জমা রাখা হবে । এর জন্য প্রয়োজনীয় ভোটকর্মী ও আধিকারিকদের আগামীকাল দুপুর ১২টায় শ্রীভূমি জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে প্রশিক্ষন প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------------

রামকৃষ্ণ নগর কলেজে শ্রীভূমি জেলার সিস্টেমেটিক ভোটার এডুকেশন এন্ড ইলেকটোরাল পার্টিসিপেশন সেলের সহযোগীতায় ও রামকৃষ্ণ নগর কলেজের উদ্যোগে আজ ভোটার সচেতনতামূলক কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে । এ উপলক্ষ্যে কলেজ অধ্যক্ষ ডক্টর অর্জুন চন্দ্র দেবনাথের পৌরহিত্যে কলেজ প্রেক্ষাগৃহে কুইজ ও বির্তক প্রতিযোগীতা অনুষ্টিত হয়েছে । স্নাতক স্তরের ছাত্র-ছাত্রীদের মধ্যে এই কর্মসূচীকে কেন্দ্র করে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা গেছে ।

---------------------------------------------------------------------------------

ভূ-রাজনৈতিক পরিস্থিতির ফলস্বরূপ বিশ্বজুড়ে শক্তি যোগানের ক্ষেত্রে এর প্রভাব পড়ার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার দেশের ২১টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য গণবন্টন ব্যবস্থার আওতায় উৎকৃষ্টমানের কেরোসিন বিতরণের ক্ষেত্রে বিজ্ঞপ্তি জারি করেছে । এই বিজ্ঞপ্তির মাধ্যমে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয় কেরোসিনের ব্যবহার বন্ধ করে দেওয়া রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির নির্ধারিত ইন্ধন কেন্দ্রসমূহকে ঘরোয়া ব্যবহারের জন্য উৎকৃষ্ট মানের কেরোসিন মজুত ও বিতরণের জন্য অনুমতি প্রদান করেছে । এই অনুসারে প্রতিটি জেলায় সরকারী তেল কোম্পানি সমূহের আওতায় ইন্ধন কেন্দ্রগুলি পাঁচ হাজার লিটার পর্যন্ত কেরোসিন মজুত করে রাখতে পারবে । অতি শীঘ্র কেরোসিন বিতরণের জন্য নির্দিষ্ট অনুজ্ঞাপত্র ছাড়া ডিলার এবং পরিবহণকারীরা তা কার্যকর করতে পারবে ।

---------------------------------------------------------------------------------